

দৈনিক

সংবাদ

তারিখ... ০-১-জুলাই-২০১৬...
পৃষ্ঠা... ২... কলাম... ৪...

বেসরকারি স্কুল-কলেজে
শিক্ষক নিয়োগ
আবেদন ২০ জুলাই
থেকে ১০ আগস্ট

নিজস্ব প্রতিবেক •

বেসরকারি স্কুল-কলেজে শিক্ষক নিয়োগের জন্য নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের আবেদনের সময় পরিবর্তন করেছে সরকার। নতুন সূচি অনুযায়ী, আগামী ২০ জুলাই থেকে ১০ আগস্টের মধ্যে প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। আগে আবেদনের জন্য ১ থেকে ২৮ জুলাইয়ের মধ্যে সময় বেঁধে দেওয়া ছিল। নতুন বিজ্ঞপ্তিতে বলা হয়, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) ওয়েবসাইট (www.ntcr.gov.bd) ও টেলিটকের (nsi.teletalk.com.bd) মাধ্যমে আবেদন করা যাবে। শিক্ষক নিয়োগের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকে পাওয়া জেলা ও বিভাগীয় শহরভিত্তিক চাহিদার একটি একীভূত তালিকা এনটিআরসিএর ওয়েবসাইট ও অ্যাপে প্রকাশ করা হয়েছে বলে জানানো হয়।